কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-২
ISO 9001:2015 Certified

# কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-২
# Comilla Palli Bidyut Samity-2

সদর দপ্তর, উত্তর রামপুর (বিশ্বরোড), পোঃ আহম্মদনগর, কুমিল্লা।

টেলিফোন ঃ অফিস ঃ০৮১-৬৮৮০৭, অভিযোগ কেন্দ্র ঃ০৮১-৬৮১৬৫, ই-মেইলঃ ঃ comillapbs2@gmail.com ওয়েবসাইটঃ www.pbs2.comilla.gov.bd

স্মারক নং-২৭.১২.১৯৩৩.৫৪২.০২.০০৮.২৪. ২৯৬০ তারিখঃ ১০ সেপ্টেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ
২৬ ভাদ্র ১৪৩১ বঙ্গাব্দ

## "আন্তঃপবিস নিয়োগ বিজ্ঞপ্তি"

কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-২ এ নিম্নবর্ণিত শূন্য পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগের লক্ষ্যে বিভিন্ন পল্লী বিদ্যুৎ সমিতিতে লাইনম্যান গ্রেড-১ পদে কর্মরত লাইনক্রুগণের মধ্যে যারা পবিস নির্দেশিকা ৩০০-০৮, ৩০০-১৪, ৩০০-২৪ এবং ৩০০-৫১ এর আলোকে পদোন্নতির জন্য যোগ্যতা অর্জন করেছেন তাদের নিকট হতে নিম্নবর্নিত শর্ত প্রতিপালন সাপেক্ষে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে স্ব-হস্তে লিখিত দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্র/নং | পদের নাম | বেতন ও অন্যান্য ভাতা | প্রয়োজনীয় যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|
| ০১ | লাইন টেকনিশিয়ানপদ সংখ্যা-০৯ টি (কম/বেশি হতে পারে) | পবিস নির্দেশিকা ৩০০-১৩, ৩০০-১৭ অনুযায়ী বেতন ভাতাদি ও অন্যান্য সুবিধা প্রদান করা হবে। | (ক) এসএসসি বা সমমানের (বিজ্ঞান বিভাগের অগ্রাধিকার) পাস সহ লাইনম্যান গ্রেড-১ পদে নিয়মিত হিসেবে ০৩ (তিন) বৎসরের অভিজ্ঞতাসহ মোট চাকুরীকাল কমপক্ষে ১০ বছর হতে হবে।<br>(খ) বিদ্যুৎ বিতরণ সুবিধা সৃষ্টিতে লাইন নির্মাণ, রক্ষণাবেক্ষণ ও পরিচালনায় পর্যাপ্ত জ্ঞান ও অভিজ্ঞতা থাকতে হবে।<br>(গ) পবিস নির্দেশিকা ৩০০-০৮ অনুযায়ী প্রযোজ্য লাইনম্যান প্রশিক্ষণে উত্তীর্ণ হতে হবে।<br>(ঘ) বৈদ্যুতিক লাইন, স্টেকিং শিট বাপবিবোর্ডের নির্মাণ নীতিমালা ও বিতরণ লাইনের রক্ষণাবেক্ষণ কাজে জ্ঞান থাকতে হবে।<br>(ঙ) জরুরী প্রাথমিক চিকিৎসায় প্রশিক্ষণ ও মৌলিক জ্ঞান থাকতে হবে।<br>(চ) প্রার্থীকে অবশ্যই পোলে উঠা এবং পোলে উঠে কাজ করার সামর্থ্য থাকতে হবে।<br>(ছ) অধীনস্থ লাইনক্রুদের নিয়ন্ত্রণ ও তত্ত্বাবধান করার ক্ষমতা থাকতে হবে।<br>(জ) প্রার্থীকে লাইনম্যান গ্রেড-১ পদের সর্বশেষ ০৩ (তিন) বৎসরের বার্ষিক কর্মমূল্যায়নের গড় রেটিং নূন্যতম ৩.৫০ থাকতে হবে।<br>(ঝ) পদোন্নতির ক্ষেত্রে পবিস নির্দেশিকা ৩০০-০৮, ৩০০-১৪ ও ৩০০-২৪ এর সকল শর্ত অবশ্যই পূরণ করতে হবে।<br>(জ) কম্পিউটার পরিচালনা সম্পর্কে সম্যক জ্ঞান থাকতে হবে। |

শর্তাবলী:-

০১। পদোন্নতির ক্ষেত্রে কোন জেলা কোটা প্রযোজ্য হবে না। তবে অত্র সমিতির ভৌগলিক এলাকায় স্থায়ীভাবে বসবাসকারীদের আবেদন করার প্রয়োজন নাই।

০২। আবেদন করার পদ্ধতি:-

বর্ণিত পদে নিয়োগ লাভে আগ্রহী এবং সংশ্লিষ্ট নির্দেশিকার আলোকে যোগ্যতা সম্পন্ন প্রার্থীদেরকে খামের উপরে পদের নাম উল্লেখ করে সাদা কাগজে স্ব-হস্তে বাংলায় (ক) নিজের নাম (খ) পিতার নাম (গ) মাতার নাম (ঘ) স্থায়ী ঠিকানা (ঙ) যোগাযোগের ঠিকানা (চ) জন্ম তারিখ (ছ) বয়স (জ) জাতীয়তা, (ঝ) ধর্ম (ঞ) শিক্ষাগত যোগ্যতা (ট) চাকুরীতে প্রথম যোগদানের তারিখ (ঠ) চাকুরীতে নিয়মিত করণের তারিখ উল্লেখ পূর্বক সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার এর সুস্পষ্ট সুপারিশ সম্বলিত স্ব-হস্তে লিখিত আবেদনপত্র সহ আগামী ৩০/০৯/২০২৪ খ্রিঃ তারিখে রোজ সোমবার সকাল ১০.০০ ঘটিকায় কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-২, উত্তর রামপুর(বিশ্বরোড), কুমিল্লায় স্ব-শরীরে উপস্থিত হয়ে নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

০৩। আবেদন পত্রের সহিত নিম্ন বর্নিত কাগজ পত্র সংযুক্ত করতে হবে:-

উল্লেখ্য- সকল ছবি ও ফটোকপি এজিএম (এইচ আর/প্রশাসন) কর্তৃক সত্যায়িত হতে হবে।

(ক) বর্তমান পদে যোগদান, নিয়মিত করণ পত্রের সত্যায়িত কপি।
(খ) পবিস নির্দেশিকা ৩০০-০৮, ৩০০-১৪, ৩০০-২৪, ৩০০-৫১ অনুযায়ী প্রশিক্ষণে কৃতকার্য হওয়ার প্রমাণ পত্রের সত্যায়িত কপি।
(গ) বিগত ০৩ (তিন) বছরের কর্মমূল্যায়ন প্রতিবেদনের সত্যায়িত কপি।
(ঘ) হালনাগাদ ড্রাইভিং লাইসেন্স এর সত্যায়িত কপি (মূল ড্রাইভিং লাইসেন্স সঙ্গে আনতে হবে)।
(ঙ) সাম্প্রতিক তোলা ০২ (দুই) কপি রঙিন পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি।
(চ) ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার মেয়র কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদের সত্যায়িত কপি।
(ছ) জাতীয় পরিচয় পত্রের এবং সকল শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত কপি।
(জ) আবেদনকারীকে পদোন্নতি প্রদানের জন্য সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার এর সুস্পষ্ট সুপারিশ থাকতে হবে।

কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-২
ISO 9001:2015 Certified

কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-২
**Comilla Palli Bidyut Samity-2**
সদর দপ্তর, উত্তর রামপুর (বিশ্বরোড), পোঃ আহম্মদনগর, কুমিল্লা।

টেলিফোন ঃ অফিস ঃ০৮১-৬৮৮০৭, অভিযোগ কেন্দ্র ঃ০৮১-৬৮১৬৫, ই-মেইলঃ ঃ comillapbs2@gmail.com ওয়েবসাইটঃ www.pbs2.comilla.gov.bd

(ঝ) সর্বশেষ ০৫ বছরের দন্ড উল্লেখ পূর্বক বর্তমানে বিভাগীয় তদন্ত অথবা ফৌজদারী মামলা চলমান নাই অথবা চার্জশীটের আওতায় তদন্ত প্রক্রিয়াধীন নাই মর্মে সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার কর্তৃক প্রত্যয়ন পত্র দাখিল করতে হবে।

০৪। উচ্চতর পদে পদোন্নতির জন্য সাক্ষাৎকার গ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত বিভাগীয় প্রার্থীকে বিবেচনা করা হবে না:-

(১) সর্বশেষ ০৩ (তিন) বছর কোনরুপ গুরুদন্ড প্রাপ্ত হয়েছেন;
(২) সর্বশেষ ০১ (এক) বছর কোনরুপ লঘুদন্ড প্রাপ্ত হয়েছেন;
(৩) বিগত ০৫ (পাঁচ) বছরের ভিতর একাধিকবার গুরুদন্ড প্রাপ্ত হয়েছেন;
(৪) বিগত ০৪ (চার) বছরের ভিতর ০১ বার গুরুদন্ড এবং ০১ বার লঘুদন্ড প্রাপ্ত হয়েছেন;
(৫) বিগত ০৩ (তিন) বছরের ভিতর একের অধিক বার লঘুদন্ড প্রাপ্ত হয়েছেন;
(৬) পদোন্নতির জন্য ০৩ বার মৌখিক নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণ করে অকৃতকার্য হওয়ার ফলে পদোন্নতি কমিটির সিদ্ধান্ত অনুযায়ী অযোগ্য/বিবেচিত ঘোষিত হয়েছেন
(৭) বর্তমান বিভাগীয় তদন্ত অর্থাৎ চার্জশিটের আওতায় তদন্ত প্রক্রিয়াধীন অবস্থায়;
(৮) ফৌজদারী মামলা চলমান থাকলে;

০৫। <u>পদোন্নতির ক্ষেত্রে নিম্নোক্ত নীতিমালার সকল শর্তাদি প্রযোজ্য হবে:-</u>

(ক) পবিস নির্দেশিকা ৩০০-৮ এবং ৩০০-১৪ এ সংশ্লিষ্ট পদের "পদ বিবরণী" তে উল্লেখিত সকল শর্তাদি পূরণ করতে হবে।
(খ) পদোন্নতির বিষয়ে পবিস নির্দেশিকা ৩০০-২৪ অনুচ্ছেদ-এ উল্লেখিত বিধান/শর্তাদি পূরণ করতে হবে।
(গ) পবিস কর্মচারী চাকুরী বিধি ১৯৯২ (সংশোধিত-২০১২) এর ধারা ৭,১৪ এবং ১৬ প্রতিপালন করা হবে।
(ঘ) সংশোধিত পবিস নির্দেশিকা ৩০০-১৩ ও ৩০০-১৭ অনুযায়ী মূল বেতন সংরক্ষণ করা হবে।

০৬। পদোন্নতি প্রদানের ক্ষেত্রে পবিস কর্মচারী চাকুরী বিধি ১৯৯২ (সংশোধিত-২০১২) এবং পবিস নির্দেশিকা ৩০০-০৮,৩০০-১৪, ৩০০-২৪ ও ৩০০-৫১ প্রতিপালন করা হবে।

০৭। অত্র সমিতিতে কর্মরত কোন কর্মকর্তা/কর্মচারী বা এলাকা পরিচালক/মহিলা পরিচালক গণের স্বামী/স্ত্রী বা তাদের রক্ত সম্পর্কীয় কোন ব্যক্তি আবেদন করতে পারবেন না।

০৮। কোন প্রার্থী তথ্য গোপন করে নিয়োগ প্রাপ্ত হলে তার বিরুদ্ধে কোন প্রকার তদন্ত ব্যতিরেকেই তাৎক্ষনিকভাবে বরখাস্তকরণসহ দেশের প্রচলিত আইন অনুযায়ী ব্যবস্থা গ্রহন করা হবে।

০৯। পদোন্নতির ক্ষেত্রে প্রার্থীর মেধা ও কর্মদক্ষতা, সকল প্রশিক্ষণে উত্তীর্ণ, সততা এবং জ্যেষ্ঠতাকে প্রাধান্য দেয়া হবে।

১০। প্রার্থী বর্তমান পদে যে ঠিকানায় নিয়োগপ্রাপ্ত হয়েছেন, বর্ণিত পদে নিয়োগের ক্ষেত্রে উক্ত ঠিকানায়ই স্থায়ী ঠিকানা হিসেবে গণ্য হবে।

১১। নির্বাচিত প্রার্থীকে প্রাথমিক অবস্থায় ০১ (এক) বৎসরের জন্য ''চলতি দায়িত্ব'' হিসেবে নিয়োগ দেয়া হবে। চলতি দায়িত্বে কর্মরত থাকাকালীন কর্মমূল্যায়ন সন্তোষজনক ও অন্যান্য প্রয়োজনীয় শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে সংশ্লিষ্ট পদে চাকুরী নিয়মিত করা হবে। সন্তোষজনক না হলে চলতি দায়িত্বকাল অনুর্ধ্ব ০৬ (ছয়) মাসের জন্য বৃদ্ধি করা হবে। যা কোনক্রমেই ০১ (এক) বারের অধিক হবে না। অন্যথায় পূর্ববর্তী পদে ফেরৎ যেতে হবে।

১২। "চলতি দায়িত্ব" থাকাকালীন সর্বশেষ বেতনের প্রত্যয়নপত্র মোতাবেক বেতন ও ভাতাদি প্রদান করা হবে।

১৩। বর্ণিত পদে প্রার্থীকে নিয়োগ প্রদান করা হলে তিনি তা বাতিলের আবেদন/প্রত্যাখান করতে পারবেন না।

১৪। প্রার্থীগনকে নির্বাচনী পরীক্ষায় অংশ গ্রহনের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৫। কোন কারণ দর্শানো ব্যতীত যেকোন আবেদন গ্রহণ/বাতিল অথবা এই নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।

১৬। শর্তাবলীতে উল্লেখ নেই এমন যে কোন বিষয়ে জটিলতার সৃষ্টি হলে পবিস কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে গণ্য হবে।

10/7/24

(প্রকৌঃ মোঃ মোস্তাফিজুর রহমান)
সিনিয়র জেনারেল ম্যানেজার

**<u>সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপিঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।</u>**

০১॥ নির্বাহী পরিচালক, বাপবিবো, ঢাকা।
০২॥ পরিচালক, পবিস মানব সম্পদ/ পবিস মনিটরিং ও ব্যঃপঃ (পূর্বাঞ্চল)/আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
০৩॥ সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার----------------পবিস-১/২/৩/৪ ⟹
০৪। ডিজিএম (কারিগরী)- সদর দপ্তর/চৌদ্দগ্রাম/বি-পাড়া/বাগমারা/বুড়িচং/গুণবতী/ময়নামতি জোনাল অফিস, কুমিল্লা পবিস-২।
০৫। এজিএম (ওএন্ডএম), মিয়াবাজার/ভূশ্চি সাব-জোনাল অফিস, কুমিল্লা পবিস-২।
০৬। এজিএম (অর্থ-হিসাব/রাজস্ব/সদস্যসেবা/ওএন্ডএম/ইএন্ডসি), কুমিল্লা পবিস-২।
০৭। নোটিশ বোর্ড, কুমিল্লা পবিস-২।
০৮। অফিস/ মাস্টার কপি।

সদয় অবগতি ও বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের উদ্দেশ্যে আপনার দপ্তরে নোটিশ বোর্ডে টানানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

10/7/24

(প্রকৌঃ মোঃ মোস্তাফিজুর রহমান)
সিনিয়র জেনারেল ম্যানেজার